

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৮

- ৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)
- পরিচ্ছেদঃ নফল সালাত বসে আদায় করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصلِّيَ التَّطَوُّعَ مِنْ صلَاتِهِ وَهُوَ جَالِسٌ

আরবী

2498 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ: سَمِعْتُ أَبَا سَلَمَةَ عَنْ أُمِّ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ قَالَ: صَلَاتِهِ وَهُوَ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ قَالَ: مَا مَاتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى كَانَ أَكْثُرُ صَلَاتِهِ وَهُوَ جَالِسٌ وَكَانَ أَحْبَ الْعَمَل إِلَيْهِ مَا داوم عليه العبد وإن كان يسيرا.

الراوي: أُمّ سَلَمَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2498 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) (1202)، ((مختصر الشمائل)) (238).

বাংলা

২৪৯৮. উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মারা যান এমন অবস্থায় যে, তিনি তখন অধিকাংশ সালাতই বসা অবস্থায় আদায় করতেন। আর তার প্রিয় আমল ছিল সেটাই যা বান্দা নিয়মিত পালন করে, যদিও সেটা পরিমাণে কম হয়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবৃ ইয়ালা: ২/৩২৩; মুসনাদ আহমাদ: ৬/৩১৯; আত তায়ালিসী: ১৬০৯; নাসাঈ: ৩/২২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪০৯১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৮; ইবনু মাজাহ: ১২২৫; তাবারানী আল কাবীর: ২৩/৫১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন